

জন লকের মতানুসারে স্বাভাবিক আইন (Natural Law) এবং স্বাভাবিক অধিকার (Natural Right) সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

### উত্তর

## জন লকের মতানুসারে স্বাভাবিক আইন এবং স্বাভাবিক অধিকার

জন লক তাঁর 'টু ট্রিটিজ অফ সিভিল গভর্নমেন্ট' গ্রন্থে রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত 'সামাজিক চুক্তি' মতবাদে প্রকৃতি রাজ্যের মানুষের অবস্থা বর্ণনা করতে গিয়ে স্বাভাবিক আইন ও স্বাভাবিক অধিকারের তত্ত্ব বর্ণনা করেছেন।

স্বাভাবিক আইন এবং স্বাভাবিক অধিকার সম্বন্ধে জন লক বলেছেন—

- [1] স্বাভাবিক আইনের ভিত্তি: লকের মতে মানুষ প্রাক-রাষ্ট্রীয় অবস্থায় প্রকৃতি রাজ্যে বসবাস করত। এই অবস্থায় মানুষ সামাজিক জীবনযাপন করত। মানুষ হল সামাজিক ও সহানুভূতিসম্পন্ন জীব। ফলে প্রাকৃতিক অবস্থায় মানুষ সুখে, শান্তিতে ও পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে বসবাস করত। প্রাকৃতিক অবস্থায় শান্তি-শৃঙ্খলা বজায় থাকত। এইরূপ প্রাকৃতিক অবস্থায় ন্যায়, বিবেক ও যুক্তির অনুশাসন ছিল স্বাভাবিক আইন।
- [2] স্বাভাবিক আইনের প্রকৃতি: স্বাভাবিক আইনের সৃষ্টিকর্তা, প্রয়োগকর্তা ও নিয়ন্ত্রণকর্তা নেই। লকের মতে এই আইনের উৎস মানুষের বিবেক, মানুষের বিচারবুদ্ধি। এই আইন যুক্তির উপর প্রতিষ্ঠিত। যার উদ্দেশ্য সমাজে সাম্য প্রতিষ্ঠা করা। লকের মতে, স্বাভাবিক আইন স্পষ্ট ও নির্দিষ্ট ছিল না। এই আইনকে বলবৎ করার জন্য কোনো কর্তৃপক্ষ ছিল না এবং ছিল না এই আইনকে ব্যাখ্যা ও রক্ষা করার কোনো ব্যবস্থা।
- [3] স্বাভাবিক অধিকারের স্বরূপ: লকের মতে প্রাক-রাষ্ট্রীয় জীবনে স্বাভাবিক আইনের লক্ষ্য হল সাম্য প্রতিষ্ঠা। তাই সকল মানুষের সমান অধিকার ও স্বাধীনতা ছিল স্বাভাবিক অধিকারের স্বরূপ। সকল মানুষের প্রাকৃতিক সম্পদের ওপর সমান অধিকার ছিল। পশু শিকারের মাধ্যমে খাদ্য সংগ্রহ করে সবাই সমানভাৱে ভাগ করে খেত। সেই সমাজে নারী-পুরুষের সমান অধিকার ছিল। সমাজে সুখ এবং শান্তিও বজায় ছিল।

[4] স্বাভাবিক অধিকার ভোগ ছিল অনিশ্চিত: লকের মতে প্রাক-রাষ্ট্রীয় জীবনে সকলের সমান অধিকার ছিল। কিন্তু সমান অধিকার ভোগের সুযোগসুবিধা থাকলেও স্বাভাবিক স্বাধীনতা, জীবন ও সম্পত্তির নিরাপত্তা সুনিশ্চিত ছিল না। কেন-না এই অবস্থায় শাসন, আইন ও বিচারবিভাগীয় কর্তৃপক্ষের অভাব ছিল। তাই স্বাভাবিক অধিকার রক্ষার জন্য, শাসন, আইন ও বিচারবিভাগীয় কর্তৃপক্ষের সঙ্গে মানুষ পরস্পর চুক্তি করল। প্রথম চুক্তি করে তারা রাষ্ট্র সৃষ্টি করল। দ্বিতীয় চুক্তি করে তারা রাজা সৃষ্টি করল আর রাজাকে শর্তসাপেক্ষে ক্ষমতা প্রদান করল। শর্তে বলা হল সেই রাজা প্রজাদের জীবনের অধিকার, স্বাধীনতার অধিকার ও সম্পত্তির অধিকার রক্ষা করবে।

মূল্যায়ন: এইভাবে জন লক তাঁর সামাজিক চুক্তি মতবাদে স্বাভাবিক আইন ও স্বাভাবিক অধিকারের স্বরূপ বর্ণনা করেছেন।